

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৭৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

الفصل الاول (بَابُ مَنَاقِبِ قُرَيْشٍ وَذِكْرِ الْقَبَائِلِ)

### আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «النَّاسُ تَبَعٌ لِقُرَيْشٍ فِي هَذَا الشَّأْن مسلمهم تبع مسلمهم وكافرهم تبع لكافرهم» . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3495) و مسلم (2 / 1818)، (4702) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

#### বাংলা

৫৯৭৯-[১] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: এ (দীন-শারী'আতের) ব্যাপারে লোকজন কুরায়শদের অনুসারী। তাদের মুসলিমরা তাদের মুসলিমদেরই অনুসারী এবং তাদের কাফির তাদের কাফিরদেরই অনুকরণকারী। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহ: বুখারী ৩৪৯৫, মুসলিম ১-(১৮১৮), মুসনাদ আহমাদ ৭৩০৪, সিলসিলাহ্ সহীহাহ্ ১০০৬, সহীহ জামি ৬৭৯৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (النَّاسُ تَبَعُ لِقُرَيْشِ) অর্থাৎ নেতৃত্ব কুরায়শদের মধ্যে চলে আসছে। অতএব তা তাদের মধ্য হতে বের হয়ে অন্যত্র যাওয়া উচিত বা কল্যাণকর হবে না। আল্লামাহ তূরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেন, অবশেষে কুরায়শদের একজনও কুফরের মধ্যে থেকে যায়নি। ফলে জাহিলী যুগে তারা যেভাবে নেতৃত্বে ছিলেন, ইসলামী যুগেও তা বহাল ছিল। তাদের মুসলিমগণ তাদের মুসলিমদেরই অনুসারী'- এ কথাটির তাৎপর্য সম্পর্কে হাফিয ইবনু হাজার



আল আসকালানী (রহিমাহুল্লাহ) বলেন, রাসূলুল্লাহ (সা.) যখন 'আরবের বুকে ইসলামের ডাক দিয়েছিলেন, তখন অধিকাংশ গোত্রের লোকেরা এই বলে ইসলাম গ্রহণ হতে বিরত থাকে, দেখা যাক, কুরায়শরা কি বলে? অতঃপর যখন মক্কাহ্ বিজয় হলো, আর কুরায়শরা ইসলাম গ্রহণ করল, তখন সমস্ত গোত্র দলে দলে তাদের অনুসরণ করল।

(فِي هَذَا الشَّأَنِ) এ (দীন-শারী'আতের) ব্যাপারে। হাদীসের বাহ্যিক বর্ণনা প্রসঙ্গ দ্বারা বুঝা যায় যে, 'এ ব্যাপার' দ্বারা উদ্দেশ্য হলো দীন ও শারী'আত চাই তার অস্তিত্বের বিশ্বাস হোক বা অনস্তিত্বের বিশ্বাস হোক। অর্থাৎ দীন গ্রহণ করা বা গ্রহণ না করা তথা ঈমান ও কুফরের ব্যাপারে সকল লোক কুরায়শদের অনুসারী এবং তারা কর্তৃত্ব ও নেতৃত্বের আসনে সমাসীন। তা এভাবে যে, একদিকে দীনের আবির্ভাব সর্বপ্রথম করায়শদের মধ্যে পরিলক্ষিত হয় এবং সর্বপ্রথম কুরায়শরা ঈমান এনেছে, অতঃপর তাদের অনুসরণ করে অন্যান্য লোকেরাও ঈমান আনতে শুরু করে। অন্যদিকে ঐ কুরায়শের লোকেরাই সর্বপ্রথম দীনের বিরোধিতা করে এবং মুসলিমদেরকে বাধা দেয়ার জন্য এগিয়ে এসেছিল আর এভাবেই কাফিররা কুরায়শদের অনুসারী হলো।

অতএব ইসলামের ইতিহাসবিদরা ভালো করেই জানেন যে, মক্কা বিজয়ের পূর্বে সকল 'আরবের লোকেরা মক্কার কুরায়শদের ইসলাম গ্রহণের অপেক্ষায় ছিল। যখন মুসলিমদের হাতে মক্কা বিজয় হলো এবং মক্কার কুরায়শরা মুসলিম হয়ে গেল তখন সকল 'আরবের লোকেরাও দলে দলে ইসলামে প্রবেশ করল তথা ইসলাম গ্রহণ করল যেমন সুরাহ নাসর-এ এসেছে। (মাযাহিরে হাক শারহে মিশকাত ৭ম খণ্ড, ২২৫ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন